कोल इण्डिया लिमिटेड कंपनी सचिवालय 3 तल्ला, कोर-2, प्रेमिसेस-04-एमआर,प्लॉट-ए एफ-III,एक्शन एरिया-1A, न्यूटाउन, रजरहट, कोलकाता-700156, फोन-0332324555, ईमेल: complianceofficer.cil@coalindia.in वेबसाइट: www.coalindia.in सी आई एन - L23109WB1973GOI028844	एक महारत्न कंपनी **A Maharatna Company**	**Coal India Limited** **Company Secretariat** Regd. Office:3rd floor, Core-2 Premises no-04-MAR, Plot no-AF-III, Action Area-1A, Newtown, Rajarhat,Kolkata-700156 PHONE; 033-2324-5555, E-MAIL: complianceofficer.cil@coalindia.in WEBSITE: www.coalindia.in CIN- L23109WB1973GOI028844

Ref.No.CIL:XI(D):4157/4156:2026:35044 Dated:28.07.2026

To,
Listing Department,
Bombay Stock Exchange Limited,
14th Floor, P.J. Towers, Dalal Street,
Mumbai – 400 001
Scrip Code 533278

To,
Listing Department,
National Stock Exchange of India Limited,
Exchange Plaza, Bandra Kurla Complex,
Bandra (E), Mumbai – 400 051.
Ref: ISIN – INE522F01014

Sub: - Newspaper publication on "Unaudited Financial Results of Coal India Limited (Standalone & Consolidated) for the 1st Quarter ended 30th June' 2026"

महोदय/महोदया,

We are enclosing copies of newspaper publication issued in one English newspaper viz "Financial Express" and Bengali newspaper viz " Ananda Bazar Patrika " published on date on the captioned subject.

This is for your information and record please.

Yours faithfully,

For Coal India Limited

BIJAY PRAKASH DUBEY

Digitally signed by BIJAY PRAKASH DUBEY
Date: 2026.07.28 13:03:29 +05'30'

(बी पी दुबे/B. P Dubey)
Executive Director (CS)/ कार्यकारी निदेशक(कंपनी सचिव)
& Compliance Officer/कम्प्लायंस ऑफिसर

Encl: As above

FIRM IS TARGETING $3-BILLION LISTING NOW

Zepto halves IPO valuation amid investor pushback

ANEES HUSSAIN
Bengaluru, July 27

SHARP REVISION

- Reset in Zepto's pre-money valuation follows resistance from large domestic investors to the pricing initially sought
- Anchor book likely to be around ₹2,300 cr
- Institutional portion expected to be about ₹1,530 cr
- HNI segment could account for ₹766 crore, with retail portion pegged at ₹511 crore
- Final structure of IPO to depend on investor feedback
- Firm last raised $450 mn in October 2025 from investors
- Proposed issue significantly smaller than what Zepto had outlined in its UDRHP filed last mont

QUICK COMMERCE FIRM Zepto has begun discussions with investors to launch its initial public offering (IPO) at a post-money valuation of about $3 billion (₹29,000 crore) — less than half the roughly $7 billion (₹60,000 crore) valuation it commanded just nine months ago. The sharp reset follows resistance from large domestic institutional investors to the pricing the company had initially sought, people familiar with the matter said.

The company is targeting a pre-money valuation of around $2.5 billion (₹24,000 crore) for the issue, the people added.

At this valuation, Zepto is expected to raise around ₹5,000 crore through a primary issue, along with a relatively small offer-for-sale (OFS) component.

The anchor book is likely to be around ₹2,300 crore, while the institutional portion is expected to be about ₹1,530 crore.

The high-net-worth individual (HNI) segment could account for ₹766 crore, with the retail portion pegged at ₹511 crore, the people said.

The final structure of the IPO will depend on investor feedback, they added.

Led by co-founder and chief executive officer Aadit Palicha, Zepto received the Securities and Exchange Board of India (Sebi)'s approval for its IPO in April. The company last raised $450 million in October 2025 from investors, including US pension fund CalPERS, at a valuation of $7 billion.

The proposed issue is significantly smaller than what Zepto had outlined in its updated draft red herring prospectus (UDRHP) filed last month. The filing proposed a fresh issue of up to ₹8,010 crore, along with an offer for sale of up to 113.47 million shares by existing investors, including Nexus Ventures, Contrary, Razor Ventures and entities linked to Kaiser Permanente.

The valuation reset comes after domestic mutual funds and insurance companies pushed back against Zepto's expectations, seeking a valuation 30-40% lower than the $4-5 billion range the company had already indicated it was willing to accept — a sharp markdown from its $7-billion peak. At the centre of the disagreement is the valuation benchmark.

According to the people, Zepto wanted its IPO to be valued in line with listed peers Eternal and Swiggy. However, investors argued that the comparison was inappropriate because, unlike its rivals, Zepto does not operate a food delivery business, which accounts for a significant portion of their revenues and market valuations.

Zepto's business is focused entirely on quick commerce, including groceries, electronics and other daily essentials.

Investor caution towards new-age technology listings has also intensified following the weak post-listing performance of several recent IPOs. Swiggy, which debuted in November 2024, is still trading about 35% below its IPO price of ₹390.

Bankers and one of Zepto's key investors are now working to bridge the valuation gap by persuading institutional investors to meet the company halfway. They have also stepped up efforts to secure commitments from high-net-worth individuals and large family offices, the people said. Zepto did not respond to an emailed request for comment until the time of going to press.

UltraTech Cement eyeing its biggest rupee bond raise

REUTERS
Mumbai, July 27

ULTRATECH CEMENT IS in talks with merchant bankers and arrangers to raise what would be its biggest rupee bond funding, two bankers aware of the matter said on Monday, as it seeks to tap debt markets ahead of the central bank's policy decision next week.

The country's largest cement producer by capacity plans to raise an aggregate ₹5,000 crore ($517.80 million) through bonds maturing in two-and-a-half years, three-and-a-half years and five years, the sources said requesting anonymity as the talks are still private.

It is targeting ₹1,500 crore each in the shorter two tranches at annual coupons of 7.22% and 7.23%, respectively, and ₹2,000 crore in the five-year tranche at 7.25%.

The bankers said UltraTech aimed to complete the sale before the Reserve Bank of India's monetary policy decision onAugust 5.

The company did not respond to a *Reuters* email seeking comment outside regular business hours.

The bonds are rated AAA by Crisil and may attract demand from mutual funds seeking high-quality credit, the bankers said.

In March 2025, UltraTech raised ₹1,000 crore each through three-year and five-year bonds at an annual coupon of 7.34%.

It has ₹3,500 crore of bonds outstanding.

Meesho arm's in-house logistics push plateaus

FE BUREAU
Bengaluru, July 27

THE SHARE OF Meesho's orders handled by its in-house logistics arm, Valmo, has remained at around 50% for three consecutive quarters, suggesting the e-commerce platform's push to internalise deliveries may have reached a plateau.

On the company's post-earnings call, Chief Financial Officer Dhiresh Bansal declined to indicate whether Valmo's share would rise further. "There is no specific guidance on what Valmo's share would be at any point in time," he said.

Valmo's share has remained broadly unchanged since peaking at over 60% around the middle of last year, when it briefly overtook Delhivery as the largest carrier of Meesho's shipments.

DHIRESH BANSAL, CFO, MEESHO

"There is no specific guidance on what Valmo's share would be at any point in time"

The shift marks a change in the company's narrative. Since its launch in February 2024, Valmo rapidly expanded from handling just 2% of Meesho's shipments in FY23 to around half by December 2024.

When Meesho filed for its initial public offering (IPO) late last year, it positioned Valmo as a key competitive differentiator. Its rise beyond the 60% mark had fuelled expectations that Meesho would continue increasing insourcing, moving closer to the captive logistics networks of Amazon and Flipkart, which JM Financial estimates handle 85-90% of their shipments internally. Instead, Valmo's share has flattened.

Meesho now presents the platform less as a vehicle for progressively taking over deliveries and more as a tool to benchmark logistics costs and keep third-party delivery partners competitively priced.

The plateau also lends support to a long-held view among third-party logistics players that captive delivery networks are structurally more expensive than independent logistics providers.

Kiran Thadimarri to succeed Gaurav Negi as IndiGo CFO

NITIN KUMAR
New Delhi, July 27

THE BOARD OF InterGlobe Aviation, the parent of IndiGo, on Monday appointed Kiran Thadimarri as its chief financial officer (CFO), replacing Gaurav Negi, who has been redesignated as advisor to the Managing Director Rahul Bhatia.

Negi stepped down as CFO at the close of business hours on July 27 and will assume his new role as advisor to the managing director. Thadimarri, currently the deputy CFO, will take over as CFO and key managerial personnel from July 28, the company said in a regulatory filing.

The airline did not specify the reason for the management reshuffle, saying only that Negi was transitioning to the advisory role and Thadimarri was being elevated from deputy CFO's role.

A chartered accountant, Thadimarri has more than 24 years of experience in finance, spanning controllership, financial planning and analysis (FP&A), business finance, treasury, capital raising, audit, taxation and investor relations.

Before joining IndiGo, he held leadership roles at InterGlobe Enterprises, business-to-business e-commerce platform Udaan, where he served as finance leader, and Genworks Health, where he was co-founder and CFO. He also spent more than 13 years at General Electric (GE).

Negi has over two decades of experience in finance, corporate governance and business operations. Before joining IndiGo, he spent 22 years at GE, where he was part of its global leadership programmes in finance and executive management.

In his last role at GE, Negi was CFO for GE Renewable Onshore Wind in the Asia-Pacific region.

Separately, the airline informed stock exchanges that it had received an order from the Principal Commissioner of Customs, New Delhi, confirming a demand arising from a revised classification of imported goods for the period between April 2020 and March 2024.

The order also imposed a penalty of ₹1.14 crore.

Maruti eyes broader EV, SUV lineup

AKBAR MERCHANT
Mumbai, July 27

MARUTI SUZUKI IS preparing a major expansion of its electric vehicle (EV) and SUV portfolios, with plans to introduce EVs across nearly every passenger vehicle (PV) segment while evaluating a new compact SUV below the Brezza to strengthen its presence in the fast-growing entry-level SUV market.

Speaking to *FE*, Partho Banerjee, senior executive officer, marketing & sales, Maruti Suzuki India, said the firm's EV strategy extends well beyond the upcoming eVitara, which will mark Maruti's entry into the battery electric passenger vehicle segment.

"In the EV segment also, we are going to launch models across all segments. There is something above the eVitara, and there will be a play below it as well," Banerjee said.

While declining to comment on specific future products, his remarks suggest Maruti is preparing a multi-product EV offensive spanning a wide range of price points.

Asked whether the company was working on a more affordable EV below the eVitara, Banerjee said, "I have read the reports, but I have no comments to offer on that. If I can say one thing, it is that we will have an EV in almost all segments."

Sources told the *FE* that Maruti is developing an all-new three-row electric MPV, internally codenamed YMC, which is expected to go on sale in the coming months.

The firm is also exploring smaller, more affordable EVs below the eVitara to broaden its electric portfolio and lower the entry price for prospective buyers. The aggressive EV roadmap comes as demand gathers pace. As per the latest Federation of Automobile Dealers Associations (FADA) data, electric passenger vehicle retail sales more than doubled year-on-year to a record 31,823 units in June.

সোনা ও রুপোর দর

পাকা সোনার বাট (৯৯৫০/২৪ ক্যা ১০ গ্রাম)	১,৪৪,৪০০
পাকা খুচরো সোনা (৯৯৫০/২৪ ক্যা ১০ গ্রাম)	১,৪৫,১৫০
হলমার্ক সোনার গয়না (৯১৬/২২ ক্যা ১০ গ্রাম)	১,৩৭,৯৫০
রুপোর বাট (প্রতি কেজি)	২,২৫,৮০০
খুচরো রুপো (প্রতি কেজি)	২,২৫,৯০০

(দর টাকায়, জিএসটি এবং টিসিএস আলাদা)

ডলার, পাউন্ড, ইউরোর বিনিময় হার

	ক্রয় মূল্য	বিক্রয় মূল্য
১ ডলার	৯৫.৭১	৯৬.৮০
১ পাউন্ড	১২৬.৯১	১৩০.১১
১ ইউরো	১০৮.২৬	১১১.২৪

(স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার দর)

শেয়ার সূচক

সেনসেক্স:	৭৬,৮৩৫.৭৮ (▲৭৭৬.০১)
বিএসই ১০০:	২৫,৬৩৩.৩৭ (▲২৬০.৮৪)
নিফটি:	২৩,৯১৫.৯৫ (▲২২৮.৫০)

জোয়ার ভাটা

জোয়ার: সকাল ৮ টা ৪৭ মিনিট এবং রাত ৯টা ৩৩ মিনিট। ভাটা: বেলা ১২টা ৫৯ মিনিট এবং রাত ১টা ১৩ মিনিট। সূর্য উদয় সকাল ৫ টা ০৬ মিনিট এবং অস্ত সন্ধ্যা ৬টা ২০ মিনিট।

এক নজরে

বৈঠকের প্রস্তুতি

দিল্লি প্রস্তুত হচ্ছে বর্ষাকালীন ঠাসা কূটনৈতিক দৌত্যের জন্য। অগস্টের শেষ সপ্তাহ থেকে সেপ্টেম্বর পর্যন্ত চলবে একাধিক বহুপাক্ষিক বৈঠক। বিদেশ মন্ত্রক সূত্রের খবর, জ্বালানি সঙ্কট, আন্তর্জাতিক গবন্যান্স ব্যবস্থা ভেঙে পড়া, গ্লোবাল সাউথ এবং আন্তঃসীমান্ত সন্ত্রাসের মোকাবিলাকে ভারত অগ্রাধিকার দেবে আসন্ন বৈঠকগুলিতে। অগস্টের ৩১ তারিখ এসসিও সম্মেলনে যোগ দিতে কিরগিজস্তান যাওয়ার কথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর।

আগুনের রিপোর্ট

জুনে হলদিয়া পেট্রেকেমিক্যালসে তাদের ন্যাপথা পাইপলাইন থেকে আগুন লাগেনি। লেগেছিল পাশের একটি কারখানার এলপিজি পাইপলাইন থেকে— আইআইটি খড়্গপুর এবং স্বাধীন নজরদারি সংস্থা টিইউভি ইন্ডিয়া-র প্রকাশিত তদন্ত রিপোর্টে তা উঠে এল। সংস্থার নিজস্ব তদন্তেও একই তথ্য সামনে এসেছে। পেট্রেকেম কর্তা অতনু সান্যালের চালানো তদন্তে দাবি, পার্শ্ববর্তী সংস্থা ইন্ডিয়ান অয়েল পেট্রোনাসের এলপিজি পাইপলাইন থেকে তরল বিউটেন লিক হওয়াই কারণ।

তথ্য ফাঁস

সম্প্রতি সমাজমাধ্যমে খবর ছড়িয়েছিল, ব্যাঙ্ক অব বরোদার গ্রাহকদের আধার কার্ড-সহ বিভিন্ন গোপন তথ্য ফাঁস হয়ে গিয়েছে। তা 'ডার্ক ওয়েব'-এ নিখরচায় পাওয়া যাচ্ছে। সব মিলিয়ে ১ টিবি-র বেশি ডেটা ফাঁসের অভিযোগ ওঠে। সেই প্রেক্ষিতেই সোমবার রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কটি স্বীকার করে নিল, সাইবার হানার মুখে পড়েছে তারা।

প্রকল্পে বাংলা

পূর্বতন তৃণমূল সরকারের আমলেও কেন্দ্রের বিভিন্ন দক্ষতা বৃদ্ধির প্রকল্পে রাজ্য অংশ নিয়েছিল বলে জানালেন কেন্দ্রীয় মন্ত্রী। ঘাটালের সাংসদ দেবের প্রশ্নের উত্তরে সংশ্লিষ্ট দফতরের প্রতিমন্ত্রী জয়ন্ত চৌধরি সোমবার জানান, ২০২৩-২৪ অর্থবর্ষ থেকে গত ৩০ জুন পর্যন্ত প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনা, জাতীয় অ্যাপ্রেন্টিস প্রোমোশন স্কিম, ক্রাফ্টসমেন ট্রেনিং স্কিম-সহ বিভিন্ন প্রকল্পে বাংলার ৩.৭ লক্ষ যুবক-যুবতী প্রশিক্ষণ নিয়েছেন।

কর্তাদের জরিমানা

এক্তিয়ারের বাইরে গিয়ে আমানত সংগ্রহের অভিযোগে এইচডিএফসি ব্যাঙ্কের এমডি-সিইও, সিএফও এবং খুচরো ব্যবসার গ্রুপ হেডকে জরিমানা করল ব্যাঙ্কের পরিচালন পর্ষদ। আরও কিছু কর্মীকে সাবধানও করা হয়েছে।

নিতিনের মামলা

পেট্রলে ইথানল মেশানোর বিরোধিতায় আসরে নেমেছে 'ই২০ জনতা পার্টি'। তাদের নিশানায় কেন্দ্রীয় সড়ক পরিবহণমন্ত্রী নিতিন গডকড়ী। এর মধ্যেই মেটা, টুইটার, গুগ্‌লের বিরুদ্ধে মামলা করতে চলেছেন গডকড়ী। তাঁর দাবি, ই২০ নীতিতে তাঁকে জড়িয়ে ডিপফেক ভিডিয়ো তৈরি করে মানহানি করা হচ্ছে।

সংস্থাকে নির্দেশ

ভুল ব্র্যান্ডিং, বিভ্রান্তিকর দাবির অভিযোগে পেপসিকো, কোকা কোলা, রেড বুল, রিলায়্যান্স কনজ়িউমার-সহ ছ'টি ঠান্ডা পানীয় সংস্থাকে নোটিস পাঠিয়েছিল খাদ্য নিয়ন্ত্রক এফএসএসএআই। তাদের কিছু পানীয়ের লেবেল থেকে 'এনার্জি ড্রিঙ্ক'-এর মতো শব্দ বাদ দিতে ৯০ দিন সময় দিয়েছে তারা।

চাপে কেন্দ্র, পুনর্বিন্যাস বিলের ভাবনা

নিজস্ব সংবাদদাতা

নয়াদিল্লি, ২৭ জুলাই: করুরোচ জনতা পার্টি (সিজেপি)-র আন্দোলনে আপাতত ইতি পড়েছে। এ বার মোদী সরকার ফের লোকসভার আসন পুনর্বিন্যাস বিল পাশ করানোর পরিকল্পনা করছে। কিন্তু যন্তর মন্তরের আন্দোলনে যে ভাবে মোদী সরকারের বিরুদ্ধে জমে থাকা অসন্তোষ ফুটে বেরিয়েছে, তার পরে ডিএমকে-র মতো বিরোধী শিবিরের দলগুলি আর সরকারকে সমর্থন করবে কি না, তা নিয়ে সংশয় তৈরি হয়েছে।

কংগ্রেস মনে করছে, ডিএমকে বিরোধী মঞ্চ 'ইন্ডিয়া'-র থেকে দূরত্ব রেখে চললেও বহু দিন ধরেই নিট তুলে দেওয়ার দাবি করছে। সেই নিট-এর প্রশ্ন ফাঁস নিয়ে আন্দোলনের পরে ডিএমকে-র পক্ষে লোকসভার আসন পুনর্বিন্যাস বিলে সরকারকে সমর্থন করা কঠিন। রাজ্যসভায় ডিএমকে-র দলনেতা তিরুচি শিবা আজ ছাত্রদের উপরে পুলিশি হামলা, নিট-এর পরীক্ষার্থীদের আত্মহত্যা নিয়ে মুলতুবি প্রস্তাব এনেছিলেন। তাঁর দাবি, "নিট তুলে দিতে হবে।" ডিএমকে-র উপরে আরও চাপ তৈরি করতে কংগ্রেস তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী সি জোসেফ বিজয়কে হাতিয়ার হিসেবে ব্যবহার করতে চাইছে। বিজয় লোকসভার আসন পুনর্বিন্যাসের বিরুদ্ধে। এর পরে ডিএমকে এনডিএ সরকারকে সমর্থন করলে বিজয় দক্ষিণ ভারতের স্বার্থ বিসর্জনের অভিযোগ তুলবেন।

তৃণমূল, উদ্ধব ঠাকরের শিবসেনা, আম আদমি পার্টিতে ভাঙন ধরিয়ে মোদী সরকারের অঙ্ক ছিল, এর পরে শরদ পওয়ারের এনসিপি, ডিএমকে সমর্থন করলে লোকসভা, রাজ্যসভায় দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতার কাছে পৌঁছে যাওয়া যাবে। আবার লোকসভার আসন পুনর্বিন্যাস করে মহিলা সংরক্ষণ সংশোধনী বিল পাশ করানো যাবে। বিজেপি সূত্রের খবর, পরিস্থিতি অনুকূল হলে অগস্টে অধিবেশনের শেষ সপ্তাহে এই বিল সংসদে আনা হতে পারে। কিন্তু সাম্প্রতিক আন্দোলনের পরে মোদী সরকার চাপে। এখন বিরোধী শিবিরে ভাঙন ধরিয়ে সংবিধান সংশোধনের চেষ্টা করলে জনমানসে নেতিবাচক বার্তা যেতে পারে। সে ক্ষেত্রে বিকল্প হল শীতকালীন অধিবেশনে পুনর্বিন্যাস বিল পাশ করানোর চেষ্টা। কিন্তু তাতে সরকারের হাতে সময় কম থাকবে। কারণ, মোদী সরকার জনগণনার আগেই লোকসভার মোট আসন বাড়িয়ে দিতে চাইছে। নইলে দাবি উঠবে, ২০২৭-এ জনগণনার ফলের ভিত্তিতেই আসন পুনর্বিন্যাস করা হোক।

অসমের মোরিগাঁও জেলায় বন্যায় মৃত্যু হয়েছে এই একশৃঙ্গ গন্ডারটির। ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়াতে ত্রাণ ও পুনর্বাসন জোরদার করা হয়েছে। কেন্দ্রের একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল সে রাজ্যে গিয়েছে ক্ষয়ক্ষতির মূল্যায়ন করতে। সরকারি তথ্য অনুযায়ী, মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৬৮। ৫.২৪ লক্ষেরও বেশি মানুষ ক্ষতিগ্রস্ত। *পিটিআই*

যন্তর মন্তরে টনক নড়েছে, বিজেপির আত্মসমীক্ষা

অনমিত্র সেনগুপ্ত

নয়াদিল্লি, ২৭ জুলাই: নিটের প্রশ্ন ফাঁস-কাণ্ডের জেরে করুরোচ জনতা পার্টি (সিজেপি)-র আন্দোলন এবং জনমতের চাপে শিক্ষামন্ত্রীর পদ খোয়াতে হয়েছে ধর্মেন্দ্র প্রধানকে। লোকসভা নির্বাচনের আগে এই ঘটনা দলের কাছে শিক্ষণীয় বলেই মত বিজেপি শীর্ষ নেতৃত্বের।

সপ্তাহ পাঁচেক আগে সিজেপি যখন আন্দোলন শুরু করে, তখন বিজেপির কোনও নেতা-ই ভাবেননি যে, ধর্মেন্দ্রকে ইস্তফা দিতে হবে। বিশেষ করে নরেন্দ্র মোদী-অমিত শাহের পূর্ণ সমর্থন থাকা সত্ত্বেও। এই জনমতকে এ যাবৎ পাত্তা দিতে দেখা যায়নি বিজেপিকে। এখন ঘটনাপ্রবাহ বিশ্লেষণ করে দল সাংগঠনিক স্তরে সিদ্ধান্ত নিয়েছে, ভবিষ্যতে এমন গণআন্দোলনকে হালকা ভাবে নেওয়া হবে না। কারণ সিজেপির মতো ভুঁইফোড় দলের বিক্ষোভ প্রমাণ করে দিয়েছে, গণআন্দোলন হঠাৎ করে গতি পেয়ে সরকারকে কোণঠাসা করে দিতে পারে। তাই আমজনতার সমস্যাকে বিশেষ ভাবে গুরুত্ব দিয়ে তা দ্রুত সমাধানের উপরে জোর দিয়েছেন বিজেপি শীর্ষ নেতৃত্ব। দলের এক নেতার কথায়, "সিজেপি আন্দোলন স্পষ্ট করে দিয়েছে, দেশের মানুষের একাংশের ভরসা উঠে গিয়েছে সরকারের উপর থেকে। লোকসভার ভোটের আগে বিষয়টি চিন্তার। সিজেপি-র মূল চালিকাশক্তি ছিল যুব সমাজ। জেন-জ়ি যদি আমাদের থেকে মুখ ফিরিয়ে নেয়, তা হলে সরকার ধরে রাখা কঠিন। তাই যুব সমাজের আকাঙ্ক্ষা পূরণে আরও যত্নবান হওয়া প্রয়োজন। এই আন্দোলনে সেটা স্পষ্ট।"

বিজেপি নেতৃত্ব আরও মনে করছেন, ধারাবাহিক জয়ে দলীয় কর্মীরা যাতে আত্মতুষ্ট না হন, সে দিকেও নজর দেওয়া দরকার। দুর্নীতির অভিযোগে নাম জড়ালে দ্রুত সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে দল। কারণ, যে কোনও দুর্নীতির অভিযোগে ভবিষ্যতে এ ধরনের আন্দোলন শুরু হতে পারে। বিশেষ করে যে পেট্রোপণ্যে বাধ্যতামূলক ভাবে ইথানল মিশিয়ে কেন্দ্রীয় সড়ক পরিবহণমন্ত্রী নিতিন গডকড়ীর ছেলেকে ফায়দা পাইয়ে দেওয়ার অভিযোগ উঠেছে, তাতে যথেষ্ট চিন্তিত দলীয় শীর্ষ নেতৃত্ব।

প্রশাসনিক স্তরেও সংস্কারমুখী পদক্ষেপের কথা ভাবা হয়েছে। প্রত্যেক কেন্দ্রীয় মন্ত্রী তাঁদের মন্ত্রকের কাজের জন্য দায়বদ্ধ থাকবেন। প্রত্যাশা মতো দায়িত্ব পালনে ব্যর্থ হলে তাঁকে সরতেও হতে পারে। বিভিন্ন সরকারি প্রকল্প বাস্তবায়নে আমলাতন্ত্রের ভূমিকাকেও আতশকাচের তলায় নিয়ে আসার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আমলাতান্ত্রিক জটিলতায় বহু প্রকল্প রূপায়ণে দেরি হয়। সেই জটিলতা কাটাতে জোর দিচ্ছে বিজেপি।

প্রস্তুতিতে কৃষকরাও

নিজস্ব সংবাদদাতা

নয়াদিল্লি, ২৭ জুলাই: করুরোচ জনতা পার্টির আন্দোলনের চাপে ধর্মেন্দ্র প্রধানের ইস্তফার দাবি মেনে নিয়েছে কেন্দ্র। এর আগে কৃষক আন্দোলনের চাপে তিন কৃষি আইন প্রত্যাহারে বাধ্য হয়েছিল তারা। এ বার করুরোচদের সাফল্যে নতুন করে উজ্জীবিত সেই সংযুক্ত কিসান মোর্চা ফের আন্দোলনে নামার প্রস্তুতি নিচ্ছে। ভারত-আমেরিকা বাণিজ্য চুক্তির ফলে এ দেশের চাষিরা সমস্যায় পড়বেন বলে সরব হয়েছে তারা। সমস্ত ফসলের জন্য ন্যূনতম সহায়ক মূল্যের আইনি নিশ্চয়তার প্রতিশ্রুতিও মোদী সরকার পূরণ করেনি বলে মোর্চার অভিযোগ। এই প্রেক্ষিতে ভবিষ্যতের কর্মসূচি ঠিক করতে মঙ্গলবার দিল্লিতে মোর্চার সর্বভারতীয় সম্মেলন ডাকা হয়েছে।

মোহন বাণী

হায়দরাবাদ, ২৭ জুলাই: একত্রবাস বা লিভ-ইন সম্পর্কের 'কুফল' নিয়ে সরব সরসঙ্ঘচালক মোহন ভাগবত। হায়দরাবাদে 'আজকের মাতৃত্ব' বিষয়ক এক অনুষ্ঠানে তিনি বলেন, "এর (লিভ-ইন) ফলাফল কী? আমরা দায়িত্ব চাই না, শুধু আনন্দ চাই। এর থেকে কী হবে? কী হচ্ছে, সে তো পৃথিবীর দিকে তাকালেই বোঝা যাচ্ছে। বিয়ে একটা শৃঙ্খলা দেয়। ধর্মের বোধ দেয়।" তবে ভাগবত সমানুভূতির কথা বলেছেন সমপ্রেমীদের নিয়ে। এলজিবিটিকিউ সম্প্রদায় সম্পর্কে তাঁর মন্তব্য, এঁরা আছেন, এঁরা সমাজেরই অংশ। জন্মগত ভাবেই এই বিশেষত্ব নিয়ে জন্মেছেন।

সংবাদ সংস্থা

'মঙ্গল মিলন'-এ কাকলিদের ফের ডাক, বৈঠকে শুভেন্দু-সুদীপ

নিজস্ব সংবাদদাতা

নয়াদিল্লি, ২৭ জুলাই: মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে মঙ্গলবার নয়াদিল্লিতে বিজেপি নেতাদের উপস্থিতিতে এনসিপিআইয়ের ২০ জন সাংসদের বৈঠকের কথা ছিল। কিন্তু তা পিছিয়ে গিয়েছে। এনসিপিআই সূত্রে জানা গিয়েছে, সংসদে সরকারি পরীক্ষায় কারচুপি প্রতিরোধ বিলটি নিয়ে আলোচনা শুরু হলে এবং অধিবেশনে কিছুটা স্থিরতা এলে বিজেপি নেতৃত্ব এনসিপিআইয়ের অন্তর্ভুক্তি নিয়ে বৈঠক করতে চাইছেন। আজ কলকাতায় শুভেন্দুর সঙ্গে বৈঠক বসেছিলেন এনসিপিআইয়ের বর্ষীয়ান সাংসদ সুদীপ বন্দ্যোপাধ্যায়। বৈঠকের পরে তিনি দাবি করেছেন, আগামী মঙ্গলবার অর্থাৎ ৪ অগস্ট তাঁদের সঙ্গে বৈঠকে বসবেন শুভেন্দু।

ঘটনাচক্রে এনসিপিআইয়ের ২০ জন সাংসদের সদস্যপদ খারিজের দাবি নিয়ে আজ লোকসভার স্পিকার ওম বিড়লার সঙ্গে দেখা করেন তৃণমূলের লোকসভার নেতা অভিষেক বন্দ্যোপাধ্যায় এবং উপনেতা সৌগত রায়।

আজ রাতে শুভেন্দুর সঙ্গে দীর্ঘ বৈঠক করেন সুদীপ। পরে সুদীপ দাবি করেন, আগামী সপ্তাহের মঙ্গলবার দিল্লিতে এনসিপিআইয়ের সাংসদদের সঙ্গে বৈঠক বসবেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী। থাকবেন বিজেপির শীর্ষ নেতারাও। সুদীপ দাবি করেছেন, তিনি শুভেন্দুকে জানিয়েছেন ভোটের পরে উত্তর কলকাতা-সহ রাজ্যের বিভিন্ন জায়গায় তৃণমূলকর্মীরা প্রতিহিংসার শিকার হচ্ছেন। মুখ্যমন্ত্রী তাঁকে আশ্বস্ত করেছেন, বিষয়টি তিনি দেখবেন।

আগামিকালের 'মঙ্গল মিলন' অর্থাৎ সকালে প্রধানমন্ত্রীর নেতৃত্বাধীন এনডিএ বৈঠকে ডাকা হয়েছে এনসিপিআই-কে। তাদের এনডিএ-র ওয়াটস্যাপ গ্রুপেও জুড়ে নেওয়া হয়েছে বলে খবর। অর্থাৎ, কাকলি ঘোষদস্তিদার-শতাব্দী রায়দের দলকে রাজনৈতিক ভাবে শরিকের মান্যতা দিয়েছে বিজেপি।

অভিষেক এবং সৌগত আজ স্পিকারের কাছে এনসিপিআইয়ের সাংসদদের সাংসদ পদ খারিজের জন্য একটি চিঠিও জমা দিয়েছেন। অভিষেক লেখেন, 'এই সাংসদদের পদ খারিজের বিষয়টি ঝুলে রয়েছে, এনসিপিআইয়ের সঙ্গেও তাদের সংযুক্তি স্বীকৃত নয়। সে ক্ষেত্রে আমাদের সংসদের বসার আসন বদলে যাওয়া খুবই অন্যায্য এবং সংসদীয় প্রথাবিরোধী।' এ নিয়ে শতাব্দীর প্রতিক্রিয়া, "কাকে কোথায় বসানো হবে তা স্পিকারের এক্তিয়ারের মধ্যে পড়ে। যা করা হয়েছে তা নিয়মের মধ্যে থেকেই করা হয়েছে। নিয়মের বাইরে গিয়ে কিছু করেছি, তা ওরা প্রমাণ করুক।" স্পিকারের কাছে অভিষেকদের দাবি, তৃণমূল সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়ের সাসপেনশন প্রত্যাহার করা হোক। রাজনৈতিক সূত্রের মতে, এই তিন আবেদনের কোনওটাতেই স্পষ্ট কোনও জবাব পাওয়া যায়নি স্পিকারের থেকে।

সুদীপ কলকাতায় দাবি করেছেন, শুভেন্দুর সঙ্গে তাঁর বৈঠকের ফাঁকে মুখ্যমন্ত্রী সংসদ বিষয়কমন্ত্রী কিরেন রিজিজুকে ফোন করেন। রিজিজু শুভেন্দুকে জানান, বিজেপি অত্যন্ত সচেতন ভাবেই এনসিপিআইয়ের বিষয়টি দেখছে। আজ সুপ্রিম কোর্টে দলত্যাগ-বিরোধী আইনের দশম তফসিলে দলীয় সংযুক্তি সংক্রান্ত ব্যাখ্যা নিয়ে রাজ্যসভার নির্দল সাংসদ ও আইনজীবী কপিল সিব্বল একটি মামলা করেছিলেন। তাতে কেন্দ্রকে নোটিস পাঠিয়েছে শীর্ষ আদালত।

পলিমারের নোটে সায়

নিজস্ব সংবাদদাতা

বাজারে আসছে পলিমারের ১০ এবং ২০ টাকার নোট। সোমবার সংসদে অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধরি জানান, এ জন্য রিজ়ার্ভ ব্যাঙ্ককে সায় দিয়েছে সরকার। প্রথম দফায় পরীক্ষামূলক ভাবে ১০০ কোটি করে ১০ এবং ২০ টাকার নোট ছাড়া হবে। সংশ্লিষ্ট মহলের মতে, ছোট অঙ্কের নোটের অভাবে সমস্যায় পড়ছেন সাধারণ মানুষ। কারণ এই ধরনের নোটের বেশিরভাগেরই হাল খারাপ।

২০১৪ সালে পাঁচ শহরে পলিমারের ১০ টাকার ১০০ কোটি নোট পরীক্ষামূলক ভাবে আনার কথা বলা হয়েছিল। কোচি, জয়পুর, শিমলা, মাইসুরু এবং ভুবনেশ্বরকে বাছা হয়। তবে নানা সমস্যায় উদ্যোগ থমকে যায়। এ দিন লোকসভায় এক প্রশ্নের লিখিত উত্তরে অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধরি জানান, রিজ়ার্ভ ব্যাঙ্কের পর্ষদ বিষয়টি পর্যালোচনা করে কেন্দ্রের কাছে আর্জি জানিয়েছিল। তা মঞ্জুর হয়েছে।

আন্দোলন

▶▶ পৃঃ ১-এর পর

'সংসদ চলো' অভিযানের দিন র‌্যাফ-এর জওয়ান কনট প্লেসে সাত রাউন্ড ছররা চালিয়েছিলেন। তার মধ্যে পাঁচ রাউন্ড গুলি বিক্ষোভকারীদের গায়ে লাগে। অন্তত তিন জন আহত বলে এখন পর্যন্ত জানা গিয়েছে। কংগ্রেস নেত্রী প্রিয়ঙ্কা গান্ধী বঢরা বলেন, "যে সব তরুণী বিক্ষোভে যোগ দিয়েছিলেন, তাঁদের বাড়িতে ফোন করে পরিবারের লোকেদের ধমকানো হচ্ছে। আমাদের সন্তানদের উপরে একে-৪৭, পেলেট গান চালানো হচ্ছে। এরা পড়ুয়া, সন্ত্রাসবাদী নয়।''

যন্তর মন্তরে সোনম ওয়াংচুকের পাশাপাশি অনশন করা আইসা-র জাতীয় সভানেত্রী নেহা বরা সোমবার বিহারে আটক ছাত্র নেতাদের সঙ্গে কথা বলেছেন। তার পরে তিনি বিহার পুলিশের ডিজি-র সঙ্গে দেখা করে পড়ুয়াদের বিরুদ্ধে এফআইআর প্রত্যাহার ও আটক আন্দোলনকারীদের দাবি সম্বলিত স্মারকলিপি তুলে দেন। সন্ধ্যায় বিহার সরকার ঘোষণা করেছে, আন্দোলনকারীদের বিরুদ্ধে কোনও রকম আইনি পদক্ষেপ করা হবে না। সমস্ত এফআইআর, ফৌজদারি অভিযোগ, জিজ্ঞাসাবাদের নোটিস প্রত্যাহার করা হবে। আটক বা গ্রেফতার হওয়া আন্দোলনকারীদের মুক্তি দেওয়া হবে।

কথা চালাতেই বন্ধ হামলা

তেহরান, ২৭ জুলাই: প্রায় দু'সপ্তাহ টানা আক্রমণের পরে গত শুক্রবার থেকে ইরানে হামলা বন্ধ রেখেছে আমেরিকা। আমেরিকার এক সংবাদ সংস্থা দাবি করে, সে দেশের সেনার জয়েন্ট চিফ অব স্টাফ ড্যান কেনের পরামর্শেই হামলা বন্ধের পথে হেঁটেছেন ট্রাম্প। কেনের যুক্তি ছিল, ইরানের উপরে টানা হামলা চালাতে গিয়ে অস্ত্র ভান্ডারে টান পড়তে পারে আমেরিকার। আজ রাষ্ট্রপুঞ্জে নিযুক্ত আমেরিকার দূত মাইক ওয়াল্টজ় দাবি করেছেন, ইরানের সঙ্গে আলোচনার গতি বাড়াতেই সাময়িক যুদ্ধবিরতির পথে হেঁটেছেন ট্রাম্প।

সংবাদ সংস্থা

ভোটে হিংসা

মুজফফরাবাদ, ২৭ জুলাই: প্রাদেশিক নির্বাচনের প্রথম দফার গোড়াতেই প্রবল হিংসা দেখল পাকিস্তান অধিকৃত কাশ্মীর। কোটলি জেলায় সংঘর্ষে নিহত হয়েছেন পাকিস্তান পিপলস পার্টির এক কর্মী। ২ অগস্ট ও ১০ অগস্ট পরের দু'দফার ভোট।

সংবাদ সংস্থা